



## মিরপুরে মেট্রো স্টেশনের নিচে হঠাৎ ককটেল বিস্ফোরণ



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুর-১২ নম্বর এলাকায় মেট্রো স্টেশনের নিচে হঠাৎ এক ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। তবে সৌভাগ্যজনকভাবে এতে কেউ আহত হয়নি। রবিবার রাত প্রায় ৯টা ২০ মিনিটে মেট্রোর ১৭৭ নম্বর পিলারের সামনে বিস্ফোরণের শব্দ শুনে স্থানীয়রা দ্রুত ছুটে আসেন। তারা জানান, কয়েকজন অজ্ঞাত ব্যক্তি দ্রুতগতিতে এসে ককটেলটি বিস্ফোরণ ঘটিয়ে মুহূর্তের মধ্যেই এলাকা ত্যাগ করে।

পল্লবী থানার ওসি মফিজুর রহমান বলেন, ঘটনাটি সম্পর্কে এখনো থানায় কোনো আনুষ্ঠানিক তথ্য পাওয়া যায়নি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে জানান তিনি।

# LENS ASIA